দৈনিক
ইত্তেফাক

প্রকাশ 28 JAN 2007
পৃষ্ঠা ৮০ কলাম ২

# কলাপাড়ায় ৮ হাজার ৬৭৮ জন শিশু শিক্ষা থেকে বঞ্চিত

॥ মোহসীন পারভেজ, কলাপাড়া (পটুয়াখালী) থেকে সংবাদদাতা ॥

কলাপাড়ায় বিদ্যালয় গমনোপযোগী ৮ হাজার ৬শ' ৭৮ জন শিশু শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। কলাপাড়া উপজেলায় ৯ ইউনিয়নে মোট ২৪৮ গ্রাম রয়েছে। এরমধ্যে ১২২টি গ্রামে কোন বিদ্যালয় নেই। ১২৬টি গ্রামে বিদ্যালয় আছে। এ উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৭৮টি। মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪টি, এবতেদায়ী বিদ্যালয়ের সংখ্যা ৯টি, স্বল্প ব্যয়ে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৩টি। ঐ গ্রামগুলোর ৮ হাজার ৬শ' ৭৮ জন বিদ্যালয় গমনোপযোগী শিশুরা ৩/৪ কিলোমিটার পথ হেঁটে পার্শ্ববর্তী প্রাথমিক বিদ্যালয়ে যেতে বাধ্য হচ্ছে না।

কলাপাড়া শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ১৫০ জনের কম ও ৪০ জনের বেশী বিদ্যালয় গমনোপযোগী শিশু থাকলে সরকার সে গ্রামে স্যাটেলাইট বিদ্যালয় স্থাপন করার সিদ্ধান্ত রয়েছে। সিদ্ধান্ত থাকলেও বাস্তবায়িত হচ্ছে না। ফলে অনেক শিশুরা শিক্ষা থেকে ঝরে পড়ছে। চাকামইয়া ইউনিয়নে গ্রাম রয়েছে ১৫টি। বিদ্যালয় আছে ৪টি। বিদ্যালয় নেই ১১টি গ্রামে। ১১ গ্রামে বিদ্যালয় গমনোপযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ৮৯৯ জন। টিয়াখালী ইউনিয়নে মোট গ্রাম রয়েছে ২০টি। বিদ্যালয় আছে ১০টি গ্রামে। বিদ্যালয়বিহীন ১০টি গ্রামে বিদ্যালয়ে গমনোপযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ৭৫২ জন। লালুয়া ইউনিয়নে মোট গ্রাম রয়েছে ৩৩টি। বিদ্যালয় আছে ১৬টি গ্রামে। বিদ্যালয়বিহীন ১৭টি গ্রামে বিদ্যালয়ে গমনোপযোগী শিশু শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে ৯৯৫ জন। মিঠাগঞ্জ ইউনিয়নে মোট গ্রাম রয়েছে ৩৫টি। বিদ্যালয় আছে ২১টি গ্রামে। বিদ্যালয়বিহীন ১৪টি গ্রামের বিদ্যালয়ে গমনোপযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ১ হাজার ২৫ জন।

নীলগঞ্জ ইউনিয়নে মোট গ্রাম রয়েছে ৫৪টি। বিদ্যালয় আছে ৩০টি গ্রামে। বিদ্যালয়বিহীন ২৪টি গ্রামের বিদ্যালয়ে গমনোপযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ১ হাজার ৮৭ জন। লতাচাপলী ইউনিয়নে মোট গ্রাম রয়েছে ৩৪টি। বিদ্যালয় আছে ১৯টি গ্রামে। বিদ্যালয়বিহীন ১৫টি গ্রামের বিদ্যালয়ে গমনোযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ১ হাজার ৮৫ জন। খাপড়াভাঙ্গা ইউনিয়নে মোট গ্রামরয়েছে ২৫টি। বিদ্যালয় আছে ৮টি গ্রামে। বিদ্যালয়বিহীন ১৭টি গ্রামের বিদ্যালয় গমনোপযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ১ হাজার ২শ' ৮৬ জন। ধানখালী ইউনিয়নে মোট গ্রাম রয়েছে ১৫টি। বিদ্যালয় আছে ১২টি গ্রামে। বিদ্যালয়বিহীন ৩টি গ্রামের বিদ্যালয়ে গমনোপযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ৪১৩ জন। ধুলাসার ইউনিয়নে মোট গ্রাম রয়েছে ১৭টি। বিদ্যালয় আছে ৬টি গ্রামে।

বিদ্যালয়বিহীন ১১টি গ্রামের বিদ্যালয়ে গমনোপযোগী শিশু শিক্ষা থেকে ঝরে পড়ছে ১ হাজার ১৫৬ জন। অবহেলিত উপকূলবর্তী কলাপাড়া উপজেলার ১২২টি গ্রামের দারিদ্র্যপীড়িত মানুষের মধ্যে বিদ্যালয়ে গমনোপযোগী ৮ হাজার ৬৭৮ জন শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।



কলাপাড়াঃ শিক্ষা বঞ্চিত শিশুরা —ইত্তেফাক